যুগান্তর

তারিখ : 18 SEP 2015
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# ঢাকা আলিয়া মাদ্রাসায় ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ

## আহত ১০

যুগান্তর রিপোর্ট

রাজধানীর বকশীবাজারে ঢাকা আলিয়া মাদ্রাসায় বৃহস্পতিবার রাতে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছেন। এদের মধ্যে ৭ জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে বকশীবাজার এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। সংঘর্ষের পর মাদ্রাসার ছাত্রাবাস আল্লামা কাশগারির বিভিন্ন কক্ষ থেকে রামদা, ছুরি, হকিস্টিক, লোহার পাইপসহ বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করা

সংঘর্ষ : পৃষ্ঠা ১৪ : কলাম ৪



ঢাকা আলীয়া মাদ্রাসায় সংঘর্ষের ঘটনায় ছাত্রলীগ নেতাদের আটক করে নিয়ে যাচ্ছে পুলিশ যুগান্তর

# সংঘর্ষ : ছাত্রলীগের দু'গ্রুপে

(১ম পৃষ্ঠার পর)

হয়েছে। এ সময় আটক করা হয়েছে ৬ জনকে।

আহতরা জানান, সম্প্রতি মাদ্রাসা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করা হয়েছে। ছাত্রলীগের নেতা শাহদাত হোসেন নিলয় ও সোলায়মান দু'জনেই সভাপতি প্রার্থী। বৃহস্পতিবার রাতে নিলয় গ্রুপের অনুসারীরা আল্লামা কাশগারি হলে বসে আড্ডা দেয়ার সময় হঠাৎ সোলায়মানের নেতৃত্বে মহসিন, জুয়েলসহ ১০-১২ জন তাদের ওপর হামলা করে। এতে নিলয় গ্রুপের মাহমুদ হাসান, রাকিব, জুলহাশ, ফেরদৌস, বাবু, আমিরুল ও শাহীন আহত হন। তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

চকবাজার থানার ওসি আজিজুল ইসলাম বলেন, সংঘর্ষের খবর পেয়ে ফোর্স পাঠানো হয়। পুলিশের লালবাগ জোনের কর্মকর্তারা আল্লামা কাশগারি হলে তল্লাশি করে কিছু রামদা, চাপাতি, বড় ছুরি, লোহার রড, ডেগার, হকিস্টিক উদ্ধার করা হয়েছে। অস্ত্রগুলোর অধিকাংশ পাওয়া যায় ২৩৩ নম্বর কক্ষে। এ সময় ছাত্রলীগ নেতা মহসিন, সোলাইমানসহ ৬ জনকে আটক করা হয়েছে।

ডিএমপির লালবাগ বিভাগের উপকমিশনার মফিজুর রহমান জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।